

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
অধিশাখা-১৩  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৩.০২২.২০০৯.৫২০

তারিখ: ১২/১০/২০১৭ খ্রি:

বিষয় : আদালতের নিষেধাজ্ঞা উপেক্ষা করে কুড়িগ্রাম জেলাধীন ভুরুঙ্গামারী পাইলট উচ্চ বিদ্যালয় এর ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক কর্তৃক ০৬টি শাখা ও ঐচ্ছিক বিষয়ে (ভূয়া) অনুমোদনের ভিত্তিতে শিক্ষক নিয়োগের বিরুদ্ধে অভিযোগ হতে অব্যাহতি প্রদান।

সূত্র: ০৫.৪৭.৪৯০০.০১৯.০৪.০০৭.১৭-৫৪ তারিখ: ০২ মে ২০১৭ খ্রি:

উপর্যুক্ত বিষয়েসূত্রে অভিযোগকারী জনাব মো: আমজাদ হোসেন ভুরুঙ্গামারী পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রাক্তন ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য তার বক্তব্যে বলেন যে, অভিযোগপত্রটি তিনি দাখিল করেননি। কে বা কারা অভিযোগপত্রে তার নাম ও স্বাক্ষর ব্যবহার করেছেন। অভিযোগের বিষয়ে তার কোন ওজর আপত্তি নেই। তিনি ৩০.০৬.২০১৩ হতে ০২ বছর মেয়াদে বিদ্যালয় ম্যানেজিং কমিটিতে অভিভাবক সদস্য ছিলেন। বর্তমানে বিদ্যালয় কমিটির সাথে তার কোন সম্পৃক্ততা নেই। বিদ্যালয় সম্পর্কিত তার কোন অভিযোগ নেই। তদন্তকারী কর্মকর্তা মতামতে বলেছেন যে, প্রতিষ্ঠানটির সুনাম নষ্ট করার উদ্দেশ্যে অভিযোগ পত্রে ভূয়া নাম ও ঠিকানা ব্যবহার করে অভিযোগ করা হয়েছে। উপর্যুক্ত সাক্ষ্য প্রমানাদি না পাওয়ায় অভিযোগের সত্যতা পাওয়া যায়নি।

০২. এমতাবস্থায়, কুড়িগ্রাম জেলাধীন ভুরুঙ্গামারী পাইলট উচ্চ বিদ্যালয় এর ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক কর্তৃক ০৬টি শাখা ও ঐচ্ছিক বিষয়ে (ভূয়া) অনুমোদনের ভিত্তিতে শিক্ষক নিয়োগের বিষয়ে আনীত অভিযোগ অভিযোগকারী অস্বীকার করেছেন বিধায় ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব পরিমল চন্দ্র সাহা কে অভিযোগ হতে নির্দেশক্রমে অব্যাহতি প্রদান করা হলো।

সংযুক্তি : তদন্ত প্রতিবেদনের অনুলিপি।

১২/১০/১৭  
(নুসরাত জাবীন বানু)  
উপসচিব  
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে :

১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।